গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৯৪/২০১৮-২০১৯
ঢাকা, মঙ্গলবার ৯ এপ্রিল ২০১৯, ২৬ চৈত্র ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৬৬ দশমিক ৬৭ শতাংশ :
সচিবালয়ের অগ্নিনিরাপত্তা নিয়ে শীঘ্রই বৈঠক ডাকা হবে
২। লাইফ সাপোর্টে দগ্ধ ছাত্রীকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুর পাঠানোর নির্দেশ প্রধানমন্ত্রীর
৩। কর্তব্যরত অবস্থায় নিহত ডিএমপি সদস্যদের পরিবারকে প্রধানমন্ত্রীর কল্যাণ তহবিলের অনুদান
৪। রিসোর্স মবিলাইজেশন এসডিজি অর্জনের প্রধান হাতিয়ার :
কাতারের দোহায় আইপিইউ সম্মেলনে স্ট্যান্ডিং কমিটির বৈঠকে স্পিকার
৫। আন্তর্জাতিক চাপ সৃষ্টির মাধ্যমে রোহিঙ্গা সংকট সমাধানের আহ্বান : কাজাখস্তানকে স্পিকার
৬। ঢাকাকে সেইফ সিটি হিসেবে গড়ে তোলা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৭। প্যারোল না চাইলে সরকার জোর করে দিতে পারে না : আইনমন্ত্রী
৮। মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে পররাষ্ট্রমন্ত্রী আব্দুল মোমেনের বৈঠক : দ্বিপাক্ষিক বিষয়ে আলোচনা
৯। রোগীদের সম্মানের সঙ্গে চিকিৎসাসেবা দিতে হবে : স্বাস্থ্যমন্ত্রী
১০। গত ১০ বছরে পিএসসি নিয়ে নেতিবাচক মন্তব্য নেই : জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১১। আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সদস্য শেখ আব্দুল আজিজের ইন্তেকাল :
রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ
১২। ফায়ারম্যান সোহেল রানার ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ
১৩। প্রধান তথ্য অফিসার হিসেবে নিয়োগ পেলেন রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন
১৪। এইচএসসি পরীক্ষার ৫ দিনের সূচি পরিবর্তন

চলমান পাতা-২

**১। মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৬৬ দশমিক ৬৭ শতাংশ :**
**সচিবালয়ের অগ্নিনিরাপত্তা নিয়ে শীঘ্রই বৈঠক ডাকা হবে**

বর্তমান সরকারের প্রথম তিন মাসে (জানুয়ারি-মার্চ) মন্ত্রিসভার বৈঠকে নেওয়া সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৬৬ দশমিক ৬৭ শতাংশ, যা ২০১৮ সালের একই সময়ে ছিল ৬৮ দশমিক ২৫ শতাংশ। গতকাল (৮ এপ্রিল সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে উপস্থাপিত ২০১9 সালের প্রথম ত্রৈমাত্রিক প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্রশাসনের কেন্দ্রবিন্দু সচিবালয়ের এক নম্বর ভবন ভূমিকম্পের জন্য ঝুঁকিপূর্ণ। তবে সচিবালয়ের অন্যান্য ভবনগুলোতে আগুনের ঝুঁকি কম বলে জানিয়েছেন মন্ত্রী পরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম। গতকাল মন্ত্রিসভার বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। এছাড়া সচিবালয়ের ভবনগুলোর অগ্নিকাণ্ডের ঝুঁকি এড়াতে শীঘ্রই বৈঠক ডাকা হবে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৮)**, সমকাল** (শেষ পৃ,ক.১)।

**২। লাইফ সাপোর্টে দগ্ধ ছাত্রীকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুর পাঠানোর নির্দেশ প্রধানমন্ত্রীর**

ফেনীর সোনাগাজী দাখিল মাদ্রাসার দগ্ধ ছাত্রীকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরে পাঠানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর নির্দেশের পর গতকাল (৮ এপ্রিল সোমবার) লাইফ সাপোর্টে থাকা দগ্ধ ছাত্রীকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুর পাঠানোর প্রস্তুতি নেওয়া হয়েছে। অবস্থার অবনতি ঘটলে গতকাল ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটের আইসিউতে লাইফ সাপোর্টে নেওয়া হয় দগ্ধ ছাত্রীকে। এ ঘটনায় দগ্ধ ছাত্রীর বড় ভাই গতকাল বাদী হয়ে একটি মামলা করেছেন। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.৫)**, এশিয়ান এজ** (**শেষ** পৃ,ক.৭)**, নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

**৩। কর্তব্যরত অবস্থায় নিহত ডিএমপি সদস্যদের পরিবারকে প্রধানমন্ত্রীর কল্যাণ তহবিলের অনুদান**

কর্তব্যরত অবস্থায় ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) নিহত সদস্যদের পরিবার ও আহত পুলিশ সদস্যদের ১৭ লাখ টাকা আর্থিক অনুদান দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৮ এপ্রিল সোমবার) ঢাকা মহানগর পুলিশ সদরদফতরে প্রধানমন্ত্রীর কল্যাণ তহবিল হতে প্রাপ্ত আর্থিক অনুদান কর্তব্যরত অবস্থায় নিহত পুলিশ সদস্যদের পরিবার ও আহত পুলিশ সদস্যদের দেন ডিএমপি কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। এর মধ্যে কর্তব্যরত অবস্থায় নিহত তিন পুলিশ সদস্যের পরিবারকে ৫ লাখ টাকা করে ১৫ লাখ এবং কর্তব্যরত অবস্থায় আহত দুইজন পুলিশ সদস্যকে চিকিৎসার জন্য ১ লাখ টাকা করে ২ লাখ টাকা দেওয়া হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

**৪। রিসোর্স মবিলাইজেশন এসডিজি অর্জনের প্রধান হাতিয়ার :**
**কাতারের দোহায় আইপিইউ সম্মেলনে স্ট্যান্ডিং কমিটির বৈঠকে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, রিসোর্স মবিলাইজেশন এসডিজি অর্জনের প্রধান হাতিয়ার। পার্লামেন্টকে অবশ্যই রিসোর্স মবিলাইজেশন ও সমান-সুযোগ নিশ্চিত করতে হবে। সেক্ষেত্রে প্রান্তিক উৎপাদক ও উদ্যোক্তারা সর্বাধিকভাবে উপকৃত হবেন। গতকাল (৮ এপ্রিল সোমবার) কাতারের দোহায় শেরাটন কনভেনশন সেন্টারের সালওয়া-২ এ ১৪০তম আইপিইউ সম্মেলনের একটি স্ট্যান্ডিং কমিটির বৈঠকে 'এসডিজি অর্জনে অবাধ ও সুষ্ঠু ব্যবসা এবং বিনিয়োগের ভূমিকা' শীর্ষক আলোচনাসভায় তিনি একথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.২)**, সংবাদ** (পৃ.৪,ক.৫)।

**৫। আন্তর্জাতিক চাপ সৃষ্টির মাধ্যমে রোহিঙ্গা সংকট সমাধানের আহ্বান :**
**কাজাখস্তানকে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী আন্তর্জাতিক চাপ সৃষ্টির মাধ্যমে রোহিঙ্গা সংকটের সমাধানে সহযোগিতা করতে কাজাখস্তানের প্রতি আহ্বান জানিয়েছেন। গত (৭ এপ্রিল রোববার) কাতারের দোহায় একটি হোটেলে কাজাখস্তান মজলিস অভ্ পালামেন্টের চেয়ারম্যান নূরলান নিগমাতুলিনের সঙ্গে সৌজন্য সাক্ষাতে স্পিকার এ আহ্বান জানান। কাজাখস্তান মজলিস অভ্ পার্লামেন্টের চেয়ারম্যান নূরলান নিগমাতুলিন বাংলাদেশের উন্নয়নের প্রশংসা করে এখানে বিনিয়েগের আগ্রহ প্রকাশ করেন। তিনি আগামী সেপ্টেম্বরে কাজাখস্তানে অনুষ্ঠেয় ইউরোপ-এশিয়া (ইউরোশিয়া)ইন্টার পার্লামেন্টারি সম্মেলনে যোগ দিতে স্পিকারকে আনুষ্ঠানিক আমন্ত্রণ জানান। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪)**, ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

**৬। ঢাকাকে সেইফ সিটি হিসেবে গড়ে তোলা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, সিসি ক্যামেরা, ট্রাফিক কন্ট্রোল, ফায়ার কন্ট্রোল সব মিলিয়ে ঢাকা মহানগরীকে সেইফ সিটি হিসেবে গড়ে তোলা হবে। আমরা পুরো ঢাকাকে নিরাপত্তার চাদরে আবৃত্ত করতে চাচ্ছি। আশা করি কয়েক বছরের মধ্যে আমরা সেটি করতে পারব। সারা বিশ্বের উন্নত শহরগুলোকে যেভাবে সেইফ সিটি করা হয়েছে। আমরাও প্রথমে ঢাকা তারপর চট্টগ্রাম, পর্যায়ক্রমে দেশের প্রধান শহরগুলোকে সেইফ সিটি হিসেবে গড়ে তুলব। গতকাল (৮ এপ্রিল সোমবার) গুলশানের একটি হোটেলে 'ল অ্যান্ড অর্ডার কোঅর্ডিনেটর কমিটি (এলওসিসি)' আয়োজিত গুলশান এলাকায় সিসি ক্যামেরা কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১)।

**৭। প্যারোল না চাইলে সরকার জোর করে দিতে পারে না : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, প্যারোলে মুক্তি চাইতে হয়, না চাইলে সরকার কাউকে জোর করে প্যারোল দিতে পারে না। গতকাল (৮ এপ্রিল সোমবার) সচিবালয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে কারাবন্দি বিএনপি নেত্রী বেগম খালেদা জিয়ার প্যারোলে মুক্তির বিষয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)**, সমকাল** (পৃ.৪,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫)।

**৮। মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে পররাষ্ট্রমন্ত্রী আব্দুল মোমেনের বৈঠক : দ্বিপাক্ষিক বিষয়ে আলোচনা**

মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও'র সঙ্গে বৈঠক করেছেন যুক্তরাষ্ট্র সফররত পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (৮ এপ্রিল সোমবার) স্থানীয় সময় সকালে (বাংলাদেশ সময় সন্ধ্যায়) দুই দেশের পররাষ্ট্রমন্ত্রীর মধ্যে বৈঠক হয়। বৈঠকে নিরাপত্তা পরিস্থিতি, বাংলাদেশের সর্বশেষ জাতীয় নির্বাচন, নতুন সরকার, মানবাধিকার পরিস্থিতি, রোহিঙ্গা সংকটে মার্কিন সহায়তা অব্যাহত রাখা, বঙ্গবন্ধুর খুনি রাশেদ চৌধুরীকে ফিরিয়ে আনা, দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক আরো সম্প্রসারণসহ দুই দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা হয়েছে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.২)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

**৯। রোগীদের সম্মানের সঙ্গে চিকিৎসাসেবা দিতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক দেশের সরকারি হাসপাতালগুলোতে রোগীদের অত্যন্ত সম্মানের সাথে চিকিৎসাসেবা প্রদানের নির্দেশ দিয়েছেন। গতকাল (৮ এপ্রিল সোমবার) বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের (বিএমএ) সম্মেলনকক্ষে স্বাস্থ্য অধিদপ্তর আয়োজিত '৩৭ তম বিসিএস (স্বাস্থ্য) কর্মকর্তাদের সংবর্ধনা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ' অনুষ্ঠানে এসব কথা বলেন। নবনিযুক্ত চিকিৎসকদের উদ্দেশ্যে তিনি বলেন, সরকারি চাকরি করবেন, কর্মস্থলে থাকতে হবে। কমপক্ষে দুই বছর গ্রামে থেকে মানুষের সেবা দিবেন। এর আগে কেউ কোনো বদলির তদবির নিয়ে আসবেন না। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)**, যুগান্তর** (পৃ.৩,ক.৮)।

**১০। গত ১০ বছরে পিএসসি নিয়ে নেতিবাচক মন্তব্য নেই : জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

বিগত ১০ বছর সরকারি কর্ম কমিশন (পিএসসি) নিয়ে কোনো নেতিবাচক মন্তব্য নেই বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। তিনি বলেছেন, এ প্রতিষ্ঠানটি হচ্ছে বাংলাদেশের সর্বোচ্চ সম্মানিত জায়গায়, যেখান থেকে প্রজাতন্ত্রের প্রথম ও দ্বিতীয় শ্রেণির মেধাবী কর্মকর্তাদের প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে বাছাই করা হয়। দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। গতকাল (৮ এপ্রিল সোমবার) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী একথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.১)**, সংবাদ** (পৃ.১৫,ক.৩)।

**১১। আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সদস্য শেখ আব্দুল আজিজের ইন্তেকাল :**
**রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহচর ও আওয়ামী লীগের প্রতিষ্ঠাকালীন সদস্য শেখ আব্দুল আজিজ গতকাল (৮ এপ্রিল সোমবার) ঢাকার গুলশান-১ এ নিজ বাসভবনে ইন্তেকাল করেন। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ করেছেন। পৃথক শোকবার্তায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে ও দেশের রাজনীতিতে তাঁর অবদানের কথা স্মরণ করেন এবং মরহুমের রুহের মাগফিরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। সূত্র **: জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)**, সমকাল** (পৃ.১৯,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**১২। ফায়ারম্যান সোহেল রানার ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ**

বনানীর এফ আর টাওয়ারে আগুনে আটকেপড়াদের উদ্ধার করতে গিয়ে গুরুতর আহত ফায়ারম্যান সোহেল রানা গত (৭ এপ্রিল রোববার) সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। প্রধানমন্ত্রীর নির্দেশে গত ৫ এপ্রিল তাঁকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুর নেওয়া হয়েছিল। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। পৃথক শোকবার্তায় তাঁরা মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**১৩। প্রধান তথ্য অফিসার হিসেবে নিয়োগ পেলেন রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন**

রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন সরকারের প্রধান তথ্য অফিসার (পিআইও) হিসেবে নিয়োগ পেয়েছেন। গতকাল (৮ এপ্রিল সোমবার) তথ্য মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে। বিসিএস তথ্য ক্যাডারের ৮৪ ব্যাচের কর্মকর্তা জয়নাল আবেদীন কর্মজীবনে তথ্য মন্ত্রণালয়ের আওতায় বিভিন্ন দপ্তরে গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৪,ক.৩), **সংবাদ** (পৃ.২,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১), **নিউ এজ** (পৃ.৩,ক.৫)।

**১৪। এইচএসসি পরীক্ষার ৫ দিনের সূচি পরিবর্তন**

চলমান এইচএসসি ও সমপর্যায়ের পরীক্ষার পাঁচ দিনের সূচি পরিবর্তন করেছে আন্তঃশিক্ষা বোর্ড। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সভাপতি অধ্যাপক মু. জিয়াউল হক সাংবাদিকদের জানান, আগামী **১৭** এপ্রিলের পরীক্ষা ৯ মে বিকেলে, ১৮ এপ্রিলের পরীক্ষা **১১** মে বিকেলে এবং ২২ এপ্রিলের পরীক্ষা **১২** মে বিকেলে নেওয়া হবে। এছাড়া ৪ মে এবং ৬ মে'র পরীক্ষা একই দিন সকালের পরিবর্তে বিকেলে নেওয়া হবে। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (শেষ পৃ,ক.৭)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** অন্যের নামে রেজিস্ট্রেশন করা সিম ব্যবহার করে শতকরা ৯৫ ভাগ অপরাধী বিভিন্ন অপরাধ সংঘটিত করছে, পুলিশের একাধিক সংস্থার রিপোর্টে এ তথ্য প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর নজরদারির সুপারিশ।

**খ.** **ইনকিলাব :** অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহারের কারণে তা এখন আর প্রত্যাশিত সুফল দিচ্ছেনা উল্লেখ করে এ ব্যাপারে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

**গ.** **যায়যায়দিন :** তৈরিপোশাক খাতের ওপর ভর করে ইতিবাচক ধারায় রয়েছে রপ্তানি আয় এ তথ্যে সন্তোষ প্রকাশ করে সাম্প্রতিক রপ্তানি আয় বৃদ্ধি ও অগ্রগতি বজায় রাখতে কার্যকর পদক্ষেপ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **জনকণ্ঠ** : ফেনীর সোনাগাজীতে এক মাদ্রাসাছাত্রীকে পুড়িয়ে হত্যাচেষ্টার ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

**ঙ.** **যুগান্তর :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বতন্ত্র পরীক্ষা ভবন নির্মাণে যে নির্দেশনা দিয়েছেন তা বাস্তবায়ন হলে পাবলিক পরীক্ষার কারণে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষাকার্যক্রম আর ব্যাহত হবেনা বলে প্রত্যাশা ব্যক্ত।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** দখল-দূষণ ও বালু উত্তোলনের কারণে সিলেটের সুরমা নদী মৃতপ্রায় হয়ে গেছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে অবিলম্বে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ছ.** **নিউজ টুডে :** ইয়াবার বিস্তাররোধে কঠোর পদক্ষেপ কামনা।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিদেশে অবস্থানরত বাংলাদেশিদের পাঠানো রেমিট্যান্স, দেশের দক্ষ পোশাক শ্রমিকদের আয় করা রেমিট্যান্স , দেশের জনশক্তির কর্মদক্ষতা পূর্বের তুলনায় আরও বেড়ে যাওয়ায় আজ বাংলাদেশ উন্নয়শীল দেশের কাতারে নাম লিখিয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'নিমতলী, চকবাজার, বনানী এবং অতঃপর'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নতুন ভবননির্মাণের অনুমোদন দেওয়ার আগে বিল্ডিংকোড, অগ্নিনিরাপত্তায় ফায়ার সার্ভিসের নিয়ম-নীতিসহ অন্যান্য ঝুঁকিপূর্ণ বিষয়ের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা